দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 24 SEP 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...



ঢাবি খ ইউনিটে অনার্সে ভর্তিযুদ্ধ শুরু... ছবিটি কার্জন হল থেকে তোলা —জনকণ্ঠ

# উৎসবমুখর পরিবেশে ঢাকা ভার্সিটি ও জগন্নাথে ভর্তি পরীক্ষা

## জালিয়াত চক্র পরাস্ত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** উৎসবমুখর পরিবেশে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে কলা অনুষদভুক্ত খ ইউনিটের অধীনে প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষা। শুক্রবার সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় ও বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা চলে। প্রশাসনের নানামুখী তৎপরতায় এবার পরাস্ত হয়েছে প্রশ্নপত্রকেন্দ্রিক জালিয়াত চক্র। ফলে এ বছর ঢাকা বিশ্ববিদ্যালয় ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এবং ক্যাম্পাসের বাইরের কেন্দ্রের কোথাও জালিয়াতির ঘটনা ঘটেনি। সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরীক্ষা নিয়ে সন্তোষ প্রকাশ করেছেন শিক্ষার্থীদের সঙ্গে আসা অভিভাবকরাও।

**ঢাকা বিশ্ববিদ্যালয় ॥** শুক্রবার সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের ৭৩টি কেন্দ্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। অন্যবারের ন্যায় এবারও অসদুপায় ঠেকাতে মোবাইল ফোনসহ টেলিযোগাযোগ করা যায় এমন সব ধরনের ইলেক্ট্রনিক্স যন্ত্র সম্পূর্ণ নিষিদ্ধ করে ঢাবি প্রশাসন। দুই হাজার ২৪১টি আসনের জন্য মোট ৩৪ হাজার ৬০৬ পরীক্ষার্থী আবেদন করে। প্রতি আসনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করে ১৫ জন। ক্যাম্পাসের বাইরের কেন্দ্রগুলো ছিল- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ, গার্হস্থ্য অর্থনীতি কলেজ, ঢাকা সিটি কলেজ, আজিমপুর গার্লস স্কুল এ্যান্ড কলেজ ও বদরুন্নেছা মহিলা কলেজ। পরীক্ষা চলকালীন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন কেন্দ্র পরিদর্শন করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন, কলা অনুষদের ডিন ও খ ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক ড. বেগম আকতার কামাল প্রমুখ। কেন্দ্র পরিদর্শন শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি সাংবাদিকদের বলেন, ভর্তি পরীক্ষায় কোন ধরনের জালিয়াতি ধরা পড়লে জালিয়াতকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে সাজা দিয়ে সরাসরি কারাগারে পাঠিয়ে দেয়া হবে। জালিয়াতি ঠেকাতে পরীক্ষার সঙ্গে যুক্ত ব্যক্তিদের পাশাপাশি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং সাংবাদিকদের সতর্ক থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন, যেখানেই কোন জালিয়াতি হবে আমাদের জানান। পরীক্ষা শেষে বিভিন্ন দিক নিয়ে কথা বলেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এম আমজাদ আলী। তিনি বলেন, জালিয়াতি রোধে এ বছর আমরা বেশকিছু কৌশল অবলম্বন করেছি। এর মধ্যে ঢাকা মেট্রোপলিটন পুলিশের সহায়তায় প্রতিটি কেন্দ্রে আর্চওয়ে বসানো হয়েছে। এর ফলে কোন শিক্ষার্থী নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত কারও চোখ ফাঁকি দিয়ে ভেতরে প্রবেশের সুযোগ পায়নি। অন্যদিকে এ বছর প্রশ্নে কোন সেট কোড দেয়া ছিল না। এর ফলে কেউ ভেতরের কোন তথ্য বাইরে সরবরাহ করতে পারেনি। এছাড়া পরীক্ষার সময়ে ভ্রাম্যমাণ আদালত থাকায় জালিয়াতির মতো গুরুতর অপরাধ করতে কেউ সাহস দেখায়নি। আগামী পরীক্ষাগুলোতেও এমন ধারা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

**ভর্তিচ্ছুদের সহায়তায় ঢাবি ছাত্রলীগ ॥** এদিকে পরীক্ষার সময় তথ্য দিয়ে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সহায়তা করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের কলা ভবন, ব্যবসায় শিক্ষা অনুষদ ভবন, লেকচার থিয়েটার, আইবিএ, আইইআর, ইউনিভার্সিটি ল্যাবরেটারি স্কুল, কেন্দ্রীয় লাইব্রেরি, সমাজবিজ্ঞান ভবন, কার্জন হল, গণিত ভবন ও মোকাররম ভবনের সামনেসহ মোট ১৬টি জায়গায় ছাত্রলীগের তথ্যকেন্দ্র ছিল। এ বিষয়ে ঢাবি ছাত্রলীগের সভাপতি আবিদ আল হাসান বলেন, ক্যাম্পাসে এসে শিক্ষার্থীদের যাতে কোন ভোগান্তিতে পড়তে না হয় সেজন্যই আমরা তথ্যকেন্দ্র বসিয়েছি। পরবর্তী সব পরীক্ষায়ও এ ধারা অব্যাহত থাকবে বলে তিনি উল্লেখ করেন। এদিকে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়ে বিভিন্ন ধরনের ব্যানার-ফেস্টুন দিয়ে ক্যাম্পাসের প্রতটি জায়গাকে সাজিয়ে রাখছে বিশ্ববিদ্যালয়ের অন্য ছাত্র সংগঠনগুলোও। ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র ইউনিয়ন ছাত্র সংসদ, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট তথ্যকেন্দ্র খুলে শিক্ষার্থীদের সহায়তা করে। এলাকাভিত্তিক সংগঠনগুলোর পক্ষ থেকেও টাঙানো হয়েছে ব্যানার। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সহায়তার জন্য পরীক্ষার হলগুলোর সামনে তথ্যকেন্দ্র স্থাপন করেছে তারা।

**ঢাবি চ ইউনিটের ভর্তি পরীক্ষা আজ ॥** চলতি শিক্ষাবর্ষে চারুকলা অনুষদভুক্ত চ ইউনিটের অধীনে প্রথম বর্ষ বিএফএ সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) আজ শনিবার সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত চারুকলা অনুষদে অনুষ্ঠিত হবে। চ ইউনিটে ১৩৫টি আসনের বিপরীতে ভর্তিচ্ছু পরীক্ষার্থীর সংখ্যা ১০ হাজার ২৪৩ জন। চারুকলা অনুষদসহ ক্যাম্পাসের মোট ১২৩টি কেন্দ্রে এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার আসন বিন্যাস বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (admission.eis.du.ac.bd) থেকে জানা যাবে। শুক্রবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

**জগন্নাথ বিশ্ববিদ্যালয় ॥** শুক্রবার বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত পরীক্ষা চলে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও এর বাইরের মোট ১৫টি কেন্দ্রে একযোগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এবার কলা অনুষদে মোট ৬৭০টি আসনের বিপরীতে ৩৬ হাজার ২২৫ জন পরীক্ষা দেন। প্রতি আসনের বিপরীতে প্রায় ৫৪ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। পরীক্ষায় যে কোন ধরনের অনিয়ম ঠেকাতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করে জবি প্রশাসন। প্রতিটি কেন্দ্রে তল্লাশির মাধ্যমে ছাত্রছাত্রীদের প্রবেশ করানো হয়। এছাড়া পরীক্ষার্থীদের কোন ধরনের ইলেক্ট্রনিক্স ডিভাইস নিয়ে কেন্দ্রে প্রবেশ নিষেধ করা হয়। ফলে প্রশ্নপত্রকেন্দ্রিক জালিয়াতির কোন খবর পাওয়া যায়নি। পরীক্ষার জন্য অভিভাবকদের প্রচুর ভিড় দেখা যায় কেন্দ্রগুলোর চারপাশে।